

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩১.২৭৯.২৪- ১৫৫

তারিখঃ ১৩/০৩/২০২৪।

বিষয়ঃ ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলাধীন বালিয়াডাঙ্গী পৌরসভা গঠন প্রসঙ্গে।


সূত্রঃ ডিও নং-১১/২০২৪, তারিখঃ ১১/০২/২০২৪ জনাব মোঃ মাজহারুল ইসলাম (সুজন), সংসদ সদস্য ৪, ঠাকুরগাঁও-২ হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয়ে ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী পৌরসভা গঠনের লক্ষ্যে বালিয়াডাঙ্গী উপজেলাধীন তফসিলভুক্ত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করার লক্ষ্যে সুস্পষ্ট মতামতসহ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩ ও ৪ ধারা অনুযায়ী নিম্নবর্ণিত হালনাগাদ তথ্যাদি (তফসিলের সফট কপি সিডি) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (১) প্রস্তাবিত এলাকার লোক সংখ্যা;
- (২) প্রস্তাবিত এলাকায় জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে কত জন;
- (৩) প্রস্তাবিত এলাকার অকৃষি পেশার হার;
- (৪) অকৃষি প্রকৃতির ভূমির হার;
- (৫) প্রস্তাবিত এলাকার তফসিল (ইউনিয়নের নাম, মৌজার নাম, জে, এল, নং এবং দাগ নম্বরসমূহ (ম্যাপসহ))
- (৬) প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত কিনা;
- (৭) প্রস্তাবিত এলাকাটি সেনানিবাস বহির্ভূত কিনা;
- (৮) স্থানীয় আয়ের উৎস; এবং
- (৯) সরকারী অনুদান বা সাহায্য ব্যতীত প্রস্তাবিত এলাকার বিগত ০৩ (তিন) বছরের গড় রাজস্ব আয়।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫


(ড. সালমা সিদ্দিকা)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৫৫৫৫২

জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।